দৈনিক সংবাদ

তারিখ AUG-17 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

25

# মুসলমানদের ধর্মীয় শিক্ষা মাদ্রাসা ছাড়া অন্যভাবে দেয়া সম্ভব নয়
## — ধর্ম প্রতিমন্ত্রী

ঠাকুরগাঁ থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ধর্ম প্রতিমন্ত্রী মাওলানা মোঃ নুরুল ইসলাম বলেছেন, মাদ্রাসা শিক্ষা বন্ধ করে দেয়া হচ্ছে বলে যে অপপ্রচার চালানো হচ্ছে, তা আদৌ সঠিক নয়। বরং মাদ্রাসা শিক্ষা বিস্তারের লক্ষ্যে বর্তমান সরকার উদার নীতিমালা গ্রহণ করেছেন।

গত ১১ই আগস্ট সকালে ঠাকুরগাঁ বড় মসজিদের পাঠাগারের আনুষ্ঠানিক উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতে গিয়ে প্রতিমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, এদেশের অধিকাংশ মানুষ মুসলমান। মুসলমানদের ধর্মীয় শিক্ষা মাদ্রাসা ছাড়া অন্যভাবে দেয়া সম্ভব নয়।

মন্ত্রী আরো বলেন, কোথাও কোন মাদ্রাসা এ পর্যন্ত বন্ধ হয়নি। অথচ এক শ্রেণীর লোক মাদ্রাসা শিক্ষা বন্ধ করে দেয়া হচ্ছে বলে অপপ্রচার চালাচ্ছে। আসলে এটা একটা ষড়যন্ত্র, তিনি এই অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য উপস্থিত মুসল্লিদের প্রতি অনুরোধ জানান। ঠাকুরগাঁয়ের জেলা প্রশাসকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আলহাজ ফজলুল করিম, স্থানীয় সংসদ সদস্য রমেশ চন্দ্র সেন ও ভারতী নন্দী সরকার।

ধর্ম প্রতিমন্ত্রী ঠাকুরগাঁ বড় মসজিদের জন্য ৫০ হাজার টাকা, ইসলামনগর মসজিদের জন্য ২৫ হাজার টাকা এবং ঠাকুরগাঁ গোবিন্দজিউ মন্দিরের জন্য ৫০ হাজার টাকা আর্থিক সাহায্য ঘোষণা দেন